ফোন : ৮৮০২২২২২৩০০৭৬
e-mail : dir.discipline.bwdb@gmail.com

গোপনীয়
বিশেষ বাহক মারফত

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭), ৭২, গ্রীণ রোড, (পান্থপথ) ঢাকা-১২০৫

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬২২.১৯-৩৫ তারিখঃ ১৭/১১/১৪২৭ বঙ্গাঃ
০২/০৩/২০২১ খ্রিঃ

## "দ প্ত রা দে শ"

নির্বাহী প্রকৌশলী, গাইবান্ধা পওর বিভাগ, বাপাউবো, গাইবান্ধা এর স্মারক নং-পি-এফ-৪/২০১৬/১৭৭৯ তারিখঃ ০৫/০৯/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে তার দপ্তরে কর্মরত জনাব মোঃ মনির হোসেন, হিসাব করণিক এর বিরুদ্ধে পরিচালক, কর্মচারী পরিপ্তর বাপাউবো, ঢাকা বরাবরে শৃংখলা ভঙ্গের লিখিত অভিযোগ উপস্থাপন পূর্বক তাকে অন্যত্র বদলীর সুপারিশের প্রেক্ষিতে পরিচালক, কর্মচারী পরিপ্তর, বাপাউবো, ঢাকা এর অঃদাঃনং-১৪৯৫ তারিখঃ ০৯/১০/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে উক্ত বিষয়ে তদন্তের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্র দপ্তরকে অনুরোধ করা হয়। উক্ত অনুরোধের প্রেক্ষিতে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী অত্র দপ্তরের স্মারক নং-১২৯-পাউবো/শৃং/শা-৩/অভি(গ)-০৮/২০১৯ তারিখঃ ০৭/১১/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। ইহার বরাতে বিষয়টি তদন্ত করে তদন্ত কর্মকর্তা তার স্মারক নং-৪২-পাউবো(কপ)/বি-৪/শা-২/লুজ/২০২০ তারিখঃ ০৭/০৬/২০২০২০ এর মাধ্যমে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে, জনাব মোঃ গুলজার হোসেন গাড়ীচালক, গাইবান্ধা পওর বিভাগ, বাপাউবো, গাইবান্ধা মোসাঃ খায়রুন্নাহার শমী কার্য্যসহকারীকে বিভিন্নভাবে প্রলোভন দেখানোসহ ডেপুটি স্পিকার এবং জাতীয় সংসদের হুইপের ভয় দেখিয়ে শমীকে বিভিন্নভাবে হয়রানি করা, হিসাব করণিক মোঃ মনির হোসেনের বিরুদ্ধে নির্বাহী প্রকৌশলীর নিকট মিথ্যা অভিযোগ দেয়ার জন্য মোসাঃ খায়রুন্নাহার শমী কার্য্যসহকারীকে চাপ সৃষ্টি সহ শমীর প্রতি কুরুচীপূর্ন আচরণ ও বিভিন্ন প্রলোভন প্রদর্শন এবং মোসাঃ খায়রুন্নাহার শমী, কার্যসহকারী, গাইবান্ধা পওর বিভাগ, বাপাউবো, গাইবান্ধা কর্তৃক জনাব মোঃ গুলজার হোসেন গাড়ীচালকের প্ররোচনায় জনাব মোঃ মনির হোসেন, হিসাব করণিকের বিরুদ্ধে নির্বাহী প্রকৌশলীর নিকট মিথ্যা অভিযোগ করার অভিযোগ প্রাথমিক তদন্তে প্রমাণিত হওয়ায় জনাব মোঃ গুলজার হোসেন গাড়ীচালক, গাইবান্ধা পওর বিভাগ, বাপাউবো, গাইবান্ধা এবং মোসাঃ খায়রুন্নাহার শমী, কার্যসহকারী, গাইবান্ধা পওর বিভাগ, বাপাউবো, গাইবান্ধা দায়ী হওয়ায় তাদের বিরুদ্ধে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-১৩ এর প্রবিধান-৫২ মোতাবেক কার্যধারা সূচনা করতঃ অত্র দপ্তরের স্মারক নং- ৫৮ -পাউবো/শৃং/শা-৩/অভি(গ)-০৮/২০১৯ তারিখঃ ১২/০৭/২০২০ খ্রিঃ এবং স্মারক নং-৫৭-পাউবো/শৃং/শা-৩/অভি(গ)-০৮/২০১৯ তারিখঃ ১২/০৭/২০২০ খ্রিঃ এর মাধ্যমে অভিযোগনামা প্রেরণ করা হয় সূচিত কার্যধারায় উল্লিখিত অভিযোগনামার প্রেক্ষিতে তার দাখিলকৃত লিখিত বিবৃতি পর্যালোচনান্তে কর্তৃপক্ষ কর্তৃক সন্তোষজনক বিবেচিত না হওয়ায় প্রবিধান ৫২ (২) (গ) মোতাবেক অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্ত করার জন্য অত্র দপ্তরের স্মারক নং- ৮৪-পাউবো/শৃং/শা-৩/অভি(গ)-০৮/২০১৯ তারিখঃ ৩১/০৮/২০২০ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা অভিযোগ সমূহ তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

২। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামত, অভিযোগনামা, আত্মপক্ষ সমর্থনের স্বপক্ষে দাখিলকৃত জবাব ও আনুসংগিক রেকর্ডপত্র পর্যালোচনায় গোলজার হোসেন গাড়ীচালক শমির সাথে একটা সম্পর্কে এর জন্য তাকে টাকা পয়সা ও নানান জিনিস-পত্র দিয়ে প্রলোভন দেখানোসহ শমির বাসায় যেতে চেয়ে মারাত্মক মানসিক চাপে রেখে তাকে ফাঁদে ফেলার চেষ্টা করে ও উত্যক্ত করে। এছাড়াও মাননীয় ডেপুটি স্পীকার ও সংসদের হুইপের ভয় দেখায়। শমি বাসায় যেতে নিষেধ করলে নির্বাহী প্রকৌশলীর ভয় দেখিয়ে তার চাকুরীচ্যুতি ও সংসার বিচ্ছেদের ভয় দেখায়। গাইবান্ধা পওর বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণের স্বাক্ষ্য এবং শমির বক্তব্য অনুযায়ী মানসম্মান, চাকুরী ও সংসার বাঁচাতে মারাত্মক চাপের মুখে কার্যসহকারী খায়রুন্নাহার শমীকে প্ররোচিত করে মনির হোসেনের বিরুদ্ধে মিথ্যা বলতে বাধ্য করেন বিধায় গাড়ীচালক গোলজার হোসেন এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় অর্থাৎ তদন্তে দোষী সাব্যস্ত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১) (ক) (উ) মোতাবেক তাঁর বেতন তাঁর সংশ্লিষ্ট বেতন স্কেলের ১(এক) ধাপ নিম্নে অবনমিতকরন (drop off to a lower stage in the concern pay scale) দন্ড আরোপ বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। অতএব, উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ গুলজার হোসেন গাড়ীচালক, গাইবান্ধা পওর বিভাগ, বাপাউবো, গাইবান্ধা এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ (১)(ক) (উ) মোতাবেক তার বেতন, সংশ্লিষ্ট বেতন স্কেলের ০১(এক) ধাপ নিম্নে অবনমিত করণ (drop off to a lower stage in the concrn pay scale) দন্ড আরোপ করা হলো।

৪। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রহিয়াছে।

০২/০৩/২০২১
(আব্দুল খালেক)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৩০১২০০০১

অঃ পৃঃ দ্রঃ

E:\Discipline. Section-3\order.s-3\Gibandha.doc28

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬২২.১৯-৩৫(১০)

তারিখঃ ১৭ /১১/১৪২৭ বঙ্গাঃ
০২/০৩/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর পওর সার্কেল-১/২, বাপাউবো, রংপুর।
৩. পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪. পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশে উল্লেখিত দন্ড কার্যকর করতঃ অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রিয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।
৬. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৭. নির্বাহী প্রকৌশলী, গাইবান্ধা পওর বিভাগ, বাপাউবো, গাইবান্ধা।
৮. উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, রংপুর। দপ্তরাদেশে উল্লেখিত দন্ড কার্যকর করতঃ অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
৯. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
১০. জনাব মোঃ গুলজার হোসেন গাড়ীচালক, গাইবান্ধা পওর বিভাগ, বাপাউবো, গাইবান্ধা।

০২/০৩/২০২১

(ফজলুল করিম)
উপপরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৪০৩১১০০১
টেলিফোন নম্বরঃ ৮৮০২২২২২৩০০৭৯